



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ : ২০১৬-২০১৭

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স/বিবিএ প্রোগ্রাম/ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স/বিবিএ প্রোগ্রাম/ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

- ১। প্রত্যেক পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার দিন অবশ্যই সংগে নিয়ে আসতে হবে।
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে ছবি upload করার দায়িত্ব পরীক্ষার্থীদের নিজেদের। ডাউনলোডকৃত প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষার্থীর ছবি না মিললে শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত এইচ.এস.সি/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ডের ছবি যাচাইপূর্বক পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- ৩। GCE (O/A Level) ও OTH (চ.বি. কর্তৃক সমতা/জিপিএ নির্ধারণপূর্বক Equivalent ID ধারী) এবং কারিগরি শিক্ষাবোর্ড থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীদের নাম বা পিতা-মাতার নাম প্রবেশপত্রে উল্লেখ না থাকলেও তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ৪। পরীক্ষার হলে কমিউনিকেশন ইলেক্ট্রনিক ডিভাইস যথা- কোন ধরনের ঘড়ি, সিমযুক্ত কলম, সিম বা মেমোরী অপশনযুক্ত ক্যালকুলেটর ও সিমযুক্ত অন্যান্য ডিভাইস এবং মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার্থীরা পরীক্ষার হলে Memory Storage Option ব্যতীত সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- ৫। ভর্তি পরীক্ষার্থী ও তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অতীতের ন্যায় বিধিবদ্ধ নিয়মনীতি কঠোরভাবে অনুসরণপূর্বক অত্যন্ত গোপনীয়তা ও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে প্রশ্নপত্র প্রণয়নসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা করছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকসহ অন্যকোন মাধ্যমে যে কোন ধরনের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছে।
- ৬। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অপপ্রচার ও প্রতারণার যে কোন তথ্য কারো কাছে জানা থাকলে তথ্য প্রমাণসহ অভিযোগকারীর নাম, মোবাইল নম্বর ও পূর্ণ ঠিকানাসহ আগামী ২০ অক্টোবর, ২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট সশরীরে উপস্থিত হয়ে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। পরীক্ষা শুরু হওয়ার পরে কারো কোন অনৈতিক বা প্রতারণামূলক আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- ৭। ভর্তি পরীক্ষায় কারো বিরুদ্ধে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে কর্তব্যরত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। পরীক্ষার্থীদের সঙ্গে আগত অভিভাবকবৃন্দকে নিরাপত্তার স্বার্থে তাঁদের জাতীয় পরিচয়পত্র অথবা নিজস্ব পরিচয়পত্র (যদি থাকে) সার্বক্ষণিক সঙ্গে রাখার জন্য অনুরোধ করা হলো।

বিস্তারিত তথ্যাদি চ.বি. website : [www.cu.ac.bd](http://www.cu.ac.bd) -এ পাওয়া যাবে।

আদেশক্রমে-

স্বাক্ষরিত-

(এস. এম. আকবর হোছাইন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার অফিস

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ও সচিব, ভর্তি কমিটি

মোবাইল নম্বর: ০১৫৫৫৫৫৫১৫৭